

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২০৩

১৩/ তালাক ও লি'আন (إلله عن رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ জিহারের কাফফারা।

باب مَا جَاءَ فِي كَفَّارَةِ الظِّهَارِ

## আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، أَنْبَأَنَا هَارُونُ بْنُ إِسْمَاعِيلَ الْخَزَّازُ، أَنْبَأَنَا عَلِيُّ بْنُ الْمُبَارَكِ، أَنْبَأَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، أَنْبَأَنَا أَبُو سَلَمَةَ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ ثَوْبَانَ، أَنَّ سَلْمَانَ بْنَ صَخْرٍ الأَنْصَارِيَّ، أَحَدَ بَنِي بَيَاضَةَ جَعَلَ امْرَأَتَهُ عَلَيْهِ كَظَهْرِ أُمِّهِ حَتَّى يَمْضِيَ رَمَضَانُ فَلَمَّا مَضَى نِصنْفٌ مِنْ رَمَضَانَ وَقَعَ عَلَيْهَا لَيْلاً فَأْتَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَذَكَرَ ذَلِكَ لَهُ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "أَعْتِقْ رَقَبَةً ". قَالَ لاَ أَحْدُهَا . قَالَ " فَصُمُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ " . قَالَ لاَ أَسْتَطِيعُ . قَالَ " أَطْعِمْ سِتِينَ مِسْكِينًا " . قَالَ لاَ أَجْدُهُ . قَالَ الْأَهُ صلى الله عليه وسلم لِفَرُوةَ بْنِ عَمْرٍ و " أَعْطِهِ ذَلِكَ . قَالَ لاَ أَحْدُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِفَرُوةَ بْنِ عَمْرٍ و " أَعْطِهِ ذَلِكَ . قَالَ لاَ أَجْدُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِفَرُوةَ بْنِ عَمْرٍ و " أَعْطِهِ ذَلِكَ . قَالَ لاَ أَحْدُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِفَرُوةَ بْنِ عَمْرٍ و " أَعْطِهِ ذَلِكَ . قَالَ لاَ أَجُدُ . وَهُو مِكْتَلٌ يَأْخُذُ خَمْسَةَ عَشَرَ صَاعًا أَوْ سِتَّةَ عَشَرَ صَاعًا فَقَالَ " أَطْعِمْ سِتِينَ مِسْكِينًا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . يُقَالُ سُلْمَانُ بْنُ صَعَحْرٍ وَيُقَالُ سَلَمَةُ بْنُ صَحَدْرٍ الْبَيَاضِيُّ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ أَهْلِ الْعِلْمِ فِي كَقَارَةِ الظِّهَارِ .

## বাংলা

১২০৩. ইসহাক ইবনু মানসূর (রহঃ) ..... আবূ সালামা ও মুহাম্মাদ ইবনু আবদুর রহমান রাদিয়াল্লাছ্ আনহুমা থেকে বর্ণিত যে, বানূ বায়যার জনৈক ব্যক্তি সালমান ইবনু সাখর আনসারী স্ত্রীকে তার মায়ের পিঠের সঙ্গে তুলনা করে (জিহার করে)। এমতাবস্থায় রমযান অতিবাহিত হচ্ছিল। রমাযানের অর্ধেক হলে পর একরাতে ঐ ব্যক্তি তার উক্ত স্ত্রীর সাথে সঙ্গত হয়। অনন্তর সে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে ঐ ঘটনা বিবৃত করে। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, একটি গোলাম আযাদ করে দাও। সে বলল, আমার তা নেই। তিনি বললেন, একনাগাড়ে দুই মাস সিয়াম পালন কর। সে বলল, আমি তা করতে সমর্থ নই। তিনি বললেন, যাটজন মিসকীনকে আহার্য দাও। সে বলল, তারও সামর্থ আমার নই। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম ফারওয়া ইবনু আমর রাদিয়াল্লাছ্ আনহু কে বললেন, ষাট জন মিসকীনের খাদ্য প্রদান করার



জন্য এই ''আরাকটি'' (পনের সা বা ষোল সা খাদ্য ধরে এমন পাত্র), লোকটিকে দিয়ে দাও। - ইবনু মাজাহ ২০৬২, তিরমিজী হাদিস নম্বরঃ ১২০০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান। বলা হয়, ইনি সালমান ইবনু সাখর রাদিয়াল্লাহু আনহু বলা হয়, সালামা ইবনু সাখর বায়যী। জিহারের কাফফারার ক্ষেত্রে এই হাদীস অনুসারে আলিমগণের আমল রয়েছে।

## **English**

Abu Salamah and Muhammad bin Abdur-Rahman (bin Thawban) narrated that :

Salman bin Sakhr Al-Ansari - from Banu Bayadah - said that his wife was like the back of his mother to him until Ramadan passed. After half of Ramadan had passed he had intercourse with his wife during the night. So he went to the Messenger of Allah to mention that to him. The Messenger of Allah said to him: "Free a slave." He said: "I don't have one." So he said: "Then fast two consecutive months." He said: "I am unable." He said: "Feed sixty needy people." He said: "I can not." So the Messenger of Allah said to Farwah bin Amr: "Give him that Araq - and it is a large basket that holds fifteen or sixteen Sa - to feed sixty needy people."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন